৯

দৈনিক বাংলা

তারিখ ... 10 APR 1994 ...
পৃষ্ঠা ১ কলাম ১

# শিক্ষাঙ্গনে সন্ত্রাস নির্মূল করা হবে ঃ তথ্যমন্ত্রী

দোহার (ঢাকা), ৯ এপ্রিল।– তথ্যমন্ত্রী ব্যারিস্টার নাজমুল হুদা দেশের ভবিষ্যৎ নেতৃত্ব প্রদানে যোগ্য নাগরিক হিসাবে নিজেদেরকে গড়ে তুলতে শিক্ষাঙ্গনে সুষ্ঠু পরিবেশ বজায় রাখতে ছাত্রছাত্রীদের প্রতি আহবান জানিয়েছেন। তিনি শিক্ষাঙ্গন থেকে সন্ত্রাস নির্মূল করার ওপর গুরুত্ব আরোপ করে বলেন, জাতির বৃহত্তর স্বার্থে যে কোন মূল্যে সন্ত্রাসী কার্যকলাপ প্রতিহত করা হবে।

তিনি আজ দোহারের মেঘুলায় কবি নজরুল ইসলাম উচ্চ বালিকা বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ী ও স্কুল পরীক্ষায় কৃতী ছাত্রীদের মধ্যে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা দিচ্ছিলেন। খবর তথ্য বিবরণীর।

কবি নজরুল ইসলাম উচ্চ বালিকা বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা ও দোহার থানা বিএনপির সাধারণ সম্পাদক এম এ সাত্তা-রের সভাপতিত্বে অনুষ্ঠানে ছাত্রনেতা শামিম আহসান, প্রধান শিক্ষক বাবু

(৮–এর পৃঃ ২–এর কঃ দ্রঃ)

## শিক্ষাঙ্গনে সন্ত্রাস নির্মূল করা হবে ঃ তথ্যমন্ত্রী

( প্রথম পৃষ্ঠার পর )

নিরোধ চন্দ্র নন্দী ও বিএনপি নেতা বাবুল বক্তৃতা করেন।

তথ্যমন্ত্রী বলেন, জনগণের সম্মিলিত প্রচেষ্টা ও সহযোগিতায় সমাজ থেকে সন্ত্রাস নির্মূল করা হবে। তিনি বলেন, অনুকূল পরিবেশ নিশ্চিত করে স্থানীয় এলাকায় আরো শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলা হবে। ছেলেমেয়েদের যথাযথ শিক্ষার সুযোগ দিয়ে দেশের ভবিষ্যৎ যোগ্য নাগরিক হিসাবে গড়ে তোলা হবে। তিনি ছাত্র–ছাত্রীদেরকে কোন রাজনৈতিক মহলের উস্কানিমূলক কাজে সাড়া না দেওয়ার আহবান জানান। তিনি পড়ালেখার পাশাপাশি খেলাধুলায় অংশগ্রহণের জন্য ছাত্রীদের পরামর্শ দেন। তিনি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে খেলার সরঞ্জাম দেয়ার আশ্বাস দেন।

পরে তিনি ছাত্রীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন।

তথ্যমন্ত্রী বিকেলে জয়পাড়া পাইলট উচ্চ বিদ্যালয় মাঠে শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের জন্ম বার্ষিকী উপলক্ষে জাতীয়তাবাদী ছাত্রদলের উদ্যোগে জিয়া স্মৃতি ক্রিকেট টুর্নামেন্টের চূড়ান্ত খেলায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন।

শ্রীনগর থানার বাঘড়া প্রভাতী যুব সংঘ বনাম দোহার থানার লটাখোলা চাঁদতারা ক্লাব এ চূড়ান্ত খেলায় অংশগ্রহণ করে।

প্রথমে ব্যাট করে বাঘড়া প্রভাতী যুব সংঘ ৩০ ওভারে ৭ উইকেটে ১৩৭ রান করে। জবাবে লটাখোলা চাঁদতারা ক্লাব ২৮ ওভারে ১২২ রান করে অল আউট হওয়ায় বাঘড়া প্রভাতী যুব সংঘ ১৫ রানে জয়লাভ করে। বাঘড়া প্রভাতী যুব সংঘের আতিক ম্যান অব দি ম্যাচ বিবেচিত হন।

এ উপলক্ষে ভাষণে তথ্যমন্ত্রী বলেন, ক্রীড়া প্রতিযোগিতার মতো রাজনৈতিক অঙ্গনেও জয়–পরাজয় মেনে নেওয়া স্বাভাবিক রীতি হওয়া উচিত। কিন্তু কোন কোন রাজনৈতিক দল নির্বাচনের পরাজয় না মেনে হরতালের নামে নৈরাজ্য সৃষ্টির অপচেষ্টায় লিপ্ত হয় যা জনগণের ইচ্ছার প্রতিফলন নয়। তিনি বলেন, শহীদ প্রেসিডেন্ট জিয়ার আদর্শের অনুসারী বিএনপি কখনো নেতিবাচক রাজনীতিতে বিশ্বাস করে না। তিনি দেশের বৃহত্তর কল্যাণে হরতাল পরিহার করার জন্য সচেতন নাগরিকদের প্রতি আহবান জানান।